

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক বার্তা সংস্থা
বাংলাদেশ বেতার, ময়মনসিংহ।

নম্বর-১৫,৫৩,৬১০০,২১৪,৩২,০০১,২২,৬৯৯

তারিখঃ ১২/০৩/২০২৫ খ্রি:

বিজ্ঞপ্তি


সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বেতার, ময়মনসিংহ কেন্দ্রে বাংলা সংবাদ পাঠের জন্য অডিশনের মাধ্যমে কিছু সংবাদ পাঠক তালিকাভুক্তির কার্যক্রম গ্রহণ করা হয়েছে। অডিশনে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণকে উপ বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, ময়মনসিংহ বরাবর লিখিত আবেদন দাখিল করতে হবে। প্রার্থীর নূনতম শিক্ষাগত যোগ্যতা এইচ.এস.সি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম, স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র নম্বর এবং মোবাইল ফোন নম্বর স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

আবেদনপত্রের সাথে প্রার্থীর এক কপি পাসপোর্ট সাইজ ছবি, জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে। আবেদনপত্র পাঠানোর শেষ তারিখ ২০ই মার্চ, ২০২৫ তারিখ বিকেল ৩টা ৩০ পর্যন্ত।

যারা ইতঃপূর্বে সংবাদ পাঠক হিসেবে অডিশনের জন্য আবেদন করেছেন কিন্তু এখনও অডিশন সম্পন্ন হয়নি তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

অডিশন গ্রহণের তারিখ প্রার্থীগণকে যথাসময়ে জানানো হবে।

আঞ্চলিক বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, ময়মনসিংহ সংবাদ পাঠক তালিকাভুক্তির কার্যক্রম সংক্রান্ত যে কোনো সিদ্ধান্ত গ্রহণের চূড়ান্ত অধিকার সংরক্ষণ করে।


১২/০৩/২০২৫
(মোঃ আশেকুল ইসলাম খান)
সহকারী বার্তা নিয়ন্ত্রক
উপ বার্তা নিয়ন্ত্রকের পক্ষে